মহাপরিচালক মহোদয়



<u>ড. মো: ওমর ফারুক</u>

ড. মো: ওমর ফারুক ২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রি: তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে অতিরিক্ত সচিব হিসেবে যোগদান করেন। তিনি ২৫ জানুয়ারি ২০২২ খ্রি: তারিখ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য নিযুক্ত হন। ইতোর্পূবে তিনি উপসচিব হিসেবে শিক্ষা মন্ত্রণালয় ও যুগ্মসচিব হিসেবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন।

বিসিএস (প্রশাসন) ক্যাডারের ত্রয়োদশ ব্যাচের একজন কর্মকর্তা হিসেবে তিনি ১৯৯৪ সালের ২৫ এপ্রিল বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি সহকারি কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে তার চাকরি শুরু করেন এবং বাংলাদেশ সরকারের প্রশাসনের বিভিন্ন পদে কাজ করেছেন। তিনি মাঠ প্রশাসনে জেলা প্রশাসকের কার্যালয় মেহেরপুর, খুলনা, ঝিনাইদহ ও বাগেরহাটে বিভিন্ন দায়িত্ব পালন করেন। তিনি ডুমুরিয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবেও দায়িত্ব পালন করেছেন। মাঠ প্রশাসনের পাশাপাশি তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়েও দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ ডেপুটি হাই কমিশন, কলকাতা, ভারতে প্রথম সচিব (বাণিজ্যিক) হিসেবে ৫ বছরেরও বেশি সময় (২০০৯-২০১৪) দায়িত্ব পালন করেন। সিভিল সার্ভিসে যোগদানের আগে তিনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের প্রভাষক হিসেবে নির্বাচিত হন।

ড. মো: ওমর ফারুক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট (ISWR) থেকে সমাজকল্যাণ বিষয়ে প্রথম শ্রেণীতে ১ম স্থান অর্জনপূর্বক অনার্স ও প্রথম শ্রেণীতে ১য় স্থান অধিকার করে য়াতকোত্তর ডিগ্রী লাভ করেন। উল্লেখ্য, তিনি ১৯৮৫ সনে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যশোর বোর্ডের অধীন সরকারী বি, এল, কলেজ, খুলনা থেকে মানবিক বিভাগে ১ম স্থান অধিকারের গৌরব অর্জন করেন। এছাড়াও, তিনি ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (IBS), রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক শ্রম অভিবাসনে পিএইচ.ডি ডিগ্রী করেছেন। তাঁর অভিসন্দর্ভের বিষয় হল "International Migration and Labour Rights: obligations, challenges and policy options for Bangladesh". তাঁর আগ্রহের ক্ষেত্রগুলি হল আন্তর্জাতিক অভিবাসন, শ্রম অধিকার, শ্রম কল্যাণ, শিল্প-সম্পর্ক, জেন্ডার সমস্যা, নারীর ক্ষমতায়ন, সামাজিক গবেষণা, জননীতি, নীতি ও পরিকল্পনা, কর্মী ও অফিস ব্যবস্থাপনা, মানব সম্পদ উন্নয়ন এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা। তিনি অস্ট্রেলিয়া, ভারত, নেপাল, সিঞ্চাপর, চীন প্রভৃতি দেশে কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

এছাড়াও Refugee and Migratory Movements Research Unit (RMMRU) এর অধীনে গবেষক হিসেবে তিনি কাজ করেছেন। তাঁর বেশ কয়েকটি নিবন্ধ স্বীকৃত জাতীয় এবং আন্তর্জাতিক গবেষণা জার্নালে প্রকাশিত হয়েছে।

পারিবারিক জীবনে তিনি বিবাহিত। তাঁর সহধর্মিনী মিসেস রিনুফা আক্তার একজন গৃহিনী এবং তাদের দুই জন পুত্র সন্তান রয়েছে।